**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসি`র ভিলেজ কমিটি নির্বাচনের জন্য ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ আগামীকাল |**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরিবেশগত দায়িত্ব, যুব ক্ষমতায়ন এবং আত্মিক সুস্থতার মাধ্যমে একটি উন্নত ভারত গড়ার জন্য সম্মিলিত প্রচেষ্টার আহ্বান জানিয়েছেন।**

**(৩) রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু বলেছেন, রঙ্গালী বিহু** উৎসব **ত্রিপুরা ও আসামের মধ্যে সৌভ্রাতৃত্বকে আরও মজবুত করবে |**

**(৪) সোমনাথ মন্দির পুনর্নির্মাণের ৭৫ তম বার্ষিকী উপলক্ষে সোমনাথ অমৃত পর্ব উদযাপন আগামীকাল ।**

**(৫) আসামের বিরুদ্ধে দৃষ্টিহীনদের তিন ম্যাচের ক্রিকেট সিরিজ দখল করলো ত্রিপুরা।**

************************************************************

## ADC-VILLAGE COMMITTE :

রাজ্য নির্বাচন কমিশন জেলা পরিষদ অর্থ্যাৎ এডিসি`র ভিলেজ কমিটি নির্বাচনের জন্য প্রস্তুতি শুরু করেছে| কমিশন আগামীকাল ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করবে| আগামীকাল থেকেই ভোট কেন্দ্রের খসড়া তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহণের কাজ শুরু হবে। তা চলবে আগামী ১৫ই মে পর্যন্ত|

দাবি ও আপত্তির নিষ্পত্তির কাজ শেষ হবে আগামী ১৬ই মে| ভিলেজ কমিটিগুলির ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে আগামী ১৮ই মে|

****************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরিবেশগত দায়িত্ব, যুব ক্ষমতায়ন এবং আত্মিক সুস্থতার মাধ্যমে একটি উন্নত ভারত গড়ার জন্য সম্মিলিত প্রচেষ্টার আহ্বান জানিয়েছেন|আজ সকালে বেঙ্গালুরুতে 'আর্ট অফ লিভিং'-এর ৪৫ তম বার্ষিকী উদযাপন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি এ আহ্বান জানান| তিনি 'আর্ট অফ লিভিং ইন্টারন্যাশনাল সেন্টার'-এ নবনির্মিত ধ্যান মন্দিরেরও উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী সেবা, আধ্যাত্মিকতা এবং সামাজিক রূপান্তরে আর্ট অফ লিভিং ফাউন্ডেশনের ভূমিকার প্রশংসা করেন। তিনি বলেন, →দেশ এখন 'মিশন লাইফ'-এর ওপরও গুরুত্ব দিচ্ছে। এটি আরও বেশি দায়িত্ব ও সচেতনতার সঙ্গে জীবনযাপনের একটি প্রাণবন্ত প্রচারাভিযান। এটি প্রকৃতির সঙ্গে সামঞ্জস্য রেখে চলা একটি জীবনধারা গ্রহণের পক্ষে সমর্থন জানায়। মিশন লাইফ এক অর্থে 'আর্ট অফ লিভিং'-এরই একটি প্রকাশিত রূপ।→

######### Byte PM #########

****************************

**PM in Telangana:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তেলেঙ্গানায় প্রায় ৯,400 কোটি টাকার একাধিক পরিকাঠামো ও শিল্প প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। এই প্রকল্পগুলির সম্মিলিত লক্ষ্য হলো যোগাযোগ ব্যবস্থা শক্তিশালী করা,

লজিস্টিকস দক্ষতা উন্নত করা, নিরাপত্তা বৃদ্ধি করা এবং জনগণের জন্য আরও ভালো ভ্রমণ অভিজ্ঞতা প্রদান করা।

হায়দ্রাবাদ আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, কেন্দ্রের গৃহীত পদক্ষেপের কারণে ভারত পশ্চিম এশিয়ার সংঘাতে উদ্ভূত জ্বালানি সংকট কার্যকরভাবে মোকাবেলা করছে| আমদানি করা পেট্রোলিয়াম পণ্য শুধুমাত্র প্রয়োজনের সময়ই ব্যবহার করা উচিত, যা বৈদেশিক মুদ্রা সাশ্রয় করতে এবং চলমান সংঘাতের প্রতিকূল প্রভাব কমাতে সাহায্য করবে। তিনি আরও বলেন, সৌর বিদ্যুৎ উৎপাদনে ভারত অন্যতম শীর্ষস্থানীয় দেশ হিসেবে আবির্ভূত হয়েছে।

****************************

**Puducherry:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এন রঙ্গস্বামীকে পুদুচেরির মুখ্যমন্ত্রী হিসেবে নিযুক্ত করেছেন। এই নিয়োগের পর, লেফটেন্যান্ট গভর্নর কে কৈলাশনাথন কেন্দ্রশাসিত অঞ্চলটিতে একটি নতুন সরকার গঠনের জন্য শ্রী রঙ্গস্বামীকে আমন্ত্রণ জানিয়েছেন। আগামী ১৩ই মে শ্রী রঙ্গস্বামী শপথ নেবেন|

****************************

**Home Minister:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সম্ভাব্য বন্যা ও তাপপ্রবাহ পরিস্থিতি মোকাবেলায় দেশের প্রস্তুতি নিয়ে আজ পর্যালোচনা করেছেন। আজ নয়াদিল্লিতে একটি উচ্চ-পর্যায়ের বৈঠকে তিনি কেন্দ্রীয় সরকারি সংস্থাগুলির প্রস্তুতি মূল্যায়ন করেছেন এবং জীবনহানি শূন্য ও সম্পত্তির ক্ষয়ক্ষতি ন্যূনতম রাখা নিশ্চিত করতে আগাম সতর্কীকরণ ব্যবস্থা, সংশ্লিষ্ট প্রযুক্তি সহ বাহিনী মোতায়েন এবং আন্তঃসংস্থা সমন্বয় পর্যালোচনা করেছেন।

****************************

**NDRF- UNAKOTI:**

আসন্ন বর্ষা মরশুমে সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় এবং প্রশাসন ও জনগণ'কে সহযোগিতা করতে গুয়াহাটি থেকে "জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী" বা N.D.R.F এর ৩০ সদস্যক টিম ঊনকোটি জেলাতে এসে পৌঁছেছে। বিপর্যয় মোকাবিলা বিভাগের ঊনকোটি জেলার প্রোগ্ৰাম আধিকারিক শুভজিৎ নাথ জানান, NDRF এর প্রথম ব্যাটেলিয়ানের এই টিম'টি আগামী অক্টোবর মাস পর্যন্ত ঊনকোটি জেলাতে অবস্থান করবে। টিম'টি জেলার নানাস্থানে সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগের সময় আগে ও পরে কি কি করনীয়, সাবধানতা-সতর্কতা বিষয়ে জনসাধারণ"কে অবহিত করবে।

****************************

**Rongali Bihu Govorner:**

আসাম এসোসিয়েশন অব, ত্রিপুরার উদ্যোগে অন্যান্য বছরের মতো এবছরও কর্মসূত্রে  ত্রিপুরায় বসবাসরত আসামবাসীদের অন্যতম প্রধান উৎসব রঙ্গালী বিহু উদযাপন করা হয়। রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু আজ সন্ধ্যায় আগরতলার নজরুল কলাক্ষেত্রে এই উৎসবের উদ্বোধন করেন। এবছর আসাম এসোসিয়েশন অব ত্রিপুরার এটি রজত জয়ন্তী রঙ্গালী বিহু উৎসব।

অনুষ্ঠানের রাজ্যপাল বলেন, রঙ্গালী বিহু নতুন বছরের ভাল ফসল উৎপাদন উদযাপনের এক উৎসব। যা, আসামের সাংস্কৃতিক ঐতিহ্যকে প্রতিফলিত করে। রঙ্গালী বিহু আসাম বাসীদের হৃদয়ের টান। আসাম এসোসিয়শনের এই উৎসব ত্রিপুরা ও আসামের মধ্যে সৌভ্রাতৃত্বকে আরও মজবুত করবে বলে অভিমত প্রকাশ করেন তিনি।

অনুষ্ঠানে ভাষন দেন ত্রিপুরা মহিলা  কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা, ত্রিপুরায় আসাম এসোসিশনের সভাপতি পুলিন চেঙমাই, সংস্থার প্রাক্তন সম্পাদক প্রিয়াংশু রাণা বড়ঠাকুর প্রমুখ।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

****************************

**Somnath Temple:**

সোমনাথ মন্দির পুনর্নির্মাণের ৭৫ তম বার্ষিকী উপলক্ষে আগামীকাল সোমনাথ অমৃত পর্ব উদযাপিত হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সোমনাথ অমৃত পর্বে অংশগ্রহণ করবেন। তিনি আগামীকাল ত্রিবেণী হেলিপ্যাড থেকে বীর হামিরজি গোহিলের মূর্তি পর্যন্ত এক কিলোমিটার দীর্ঘ একটি মেগা রোডশোতে নেতৃত্ব দেবেন। এই সফরকালে প্রধানমন্ত্রী সোমনাথ মন্দিরে 'কুম্ভাভিষেক', 'ধ্বজ পূজা' এবং 'মহা পূজা' সম্পন্ন করবেন। আধ্যাত্মিক অনুষ্ঠানগুলোর পর, প্রধানমন্ত্রী সদ্ভাবনা ময়দানে একটি বিশাল জনসমাবেশে ভাষণ দেবেন|

****************************

**Somnath: The Eternal Rhythm of Faith:**

সহস্র বছরের ইতিহাস, আঘাতদীর্ণতা আর পুনর্জাগরণের এক অনন্ত প্রতীক—সোমনাথ।

গুজরাটের প্রভাস পট্টনে অবস্থিত এই পবিত্র জ্যোতির্লিঙ্গ শুধু একটি মন্দির নয়, এটা ভারতীয় সভ্যতার আত্মার প্রতিচ্ছবি। একটি প্রতিবেদন।

##########V/O###########

****************************

**Fit India:**

দিল্লির ঐতিহাসিক মেজর ধ্যানচাঁদ ন্যাশনাল স্টেডিয়ামে আজ সকালে ফিট ইন্ডিয়া ‘‘সানডেস অন সাইকেল’’-এর ৭৩ তম সংস্করণ আয়োজিত হয়। দেশব্যাপী এই সাইকেল আন্দোলনে প্রতিরক্ষা বাহিনীর সদস্যরাও সাধারণ নাগরিকদের সঙ্গে যোগ দেন।

****************************

**Summer Camp:**

শিক্ষা মন্ত্রক গ্রীষ্মকালীন ছুটিতে সারা দেশের সমস্ত স্কুলে ‘ভারতীয় ভাষা সামার ক্যাম্প ২০২৬’ আয়োজন করবে। সপ্তাহব্যাপী এই ক্যাম্পটি শিক্ষার্থীদের আত্মপরিচয়, শব্দভান্ডার বৃদ্ধি, বাস্তব জীবনের কথোপকথন এবং সাংস্কৃতিক উপলব্ধির উপর কেন্দ্র করে বিভিন্ন ইন্টারেক্টিভ কার্যকলাপের মাধ্যমে নানা ভারতীয় ভাষায় প্রাথমিক যোগাযোগের দক্ষতা শেখার একটি আকর্ষণীয় সুযোগ করে দেবে|

****************************

**BANAE-QUEST:**

ড. বাবাসাহেব আম্বেদকর ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ ইঞ্জিনিয়ার্স-এর পূর্বাঞ্চলীয় সম্মেলন আজ আগরতলার সুকান্ত অ্যাকাডেমিতে অনুষ্ঠিত হয়| উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত আইন সচিব দাতা মোহন জমাতিয়া, সংগঠনের সর্বভারতীয় সভাপতি নাগসেন সোনারে| সম্মেলনে সুস্থায়ী উন্নয়ন, উদীয়মান প্রযুক্তি, সামাজিক ন্যায়, নারী ও শিশু কল্যাণ, সংরক্ষণ নীতি, শিক্ষা ও কর্মসংস্থান ইত্যাদি বিষয়ে আলোচনা হয়।

****************************

**Blood Donation:**

আগরতলার বনমালীপুরস্থিত রামঠাকুর আশ্রম প্রাঙ্গনে আজ এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিশিষ্ঠ নাগরিক সুবল কুমার দে, বনমালীপুর রামঠাকুর আশ্রম পরিচালন কমিটির সম্পাদক স্বপন বণিক| রক্তদান শিবিরে ৩২ জন স্বেচ্ছায় রক্তদান করেন|

****************************

**Mangalchandi Mela:**

ঐতিহ্যবাহী শ্রী শ্রী মাতা মঙ্গলচণ্ডী মেলার আজ দ্বিতীয় দিন। গতকাল সন্ধ্যায় গোমতী জেলার অমরপুরে শুরু হয়েছে এই মেলা। মেলা প্রাঙ্গনে পাঁচ শতাধিক দোকানি তাদের পসরা নিয়ে বসেছে।

****************************

**Blind Cricket:**

আসামের বিরুদ্ধে দৃষ্টিহীনদের তিন ম্যাচের ক্রিকেট সিরিজ দখল করলো ত্রিপুরা। আজ দ্বিতীয় ম্যাচেও রাজ্যদল জয় পেলো। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা ৮৯ রানে জয় পায়। ফলে সিরিজ ২-0 করে নেয়।

****************************

**Knockout Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়। এম বি বি স্টেডিয়ামে বনমালিপুর ক্রিকেট ক্লাব ৬ উইকেটে সংহতি ক্লাবকে, নরসিংগড়ের পি টি এ মাঠে কসমোপলিটন ক্লাব ৪0 রানে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং নরসিংগড়ের টি আই টি মাঠে স্ফুলিঙ্গ ক্লাব ৬ উইকেটে শতদল সংঘকে পরাজিত করে।

****************************

**Weather:**

ভারতীয় আবহাওয়া বিভাগ আগামী ১৫ এবং ১৬ই মে ত্রিপুরা, মনিপুর, নাগাল্যান্ড, মিজোরামে ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে। এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে|

আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস। আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমান ২0.৪ মিলিমিটার।

****************************

****************************